

প্রশ্ন : লিঙ্গ কাকে বলে ? এর শ্রেণীবিভাগগুলি আলোচনা কর।

লিঙ্গ :

বাক্যের মধ্যে অবস্থিত বিশেষ্য পদ, সর্বনাম পদ, বিশেষণ পদ বিশিষ্ট শব্দের যে লক্ষণ বা বৈশিষ্ট্য বা চিহ্ন সেই বিশেষ্য, সর্বনাম, বিশেষণ পদ বিশিষ্ট শব্দটি পুরুষ, স্ত্রী, ক্লীব, কিংবা পুরুষ-স্ত্রী উভয় এই ধারণা দেয়, তাকে লিঙ্গ বলে।

প্রকারভেদঃ

লিঙ্গ চার প্রকার-

(১) পুংলিঙ্গ : বাক্যের নির্দিষ্ট শব্দটি পুরুষ জাতীয় হলে হয় পুংলিঙ্গ। যেমন- রাম ভালো ছেলো। এখানে 'রাম' শব্দটি পুরুষকে নির্দেশ করছে তাই রাম পুংলিঙ্গ।

(২) স্ত্রীলিঙ্গ : বাক্যের নির্দিষ্ট শব্দটি স্ত্রী জাতীয় হলে হয় স্ত্রীলিঙ্গ। যেমন- সীতা ভালো গান গায়। 'সীতা' বিশেষ্য পদটি স্ত্রীর লক্ষণকে নির্দেশ করায় স্ত্রীলিঙ্গ হয়েছে।

(৩) উভয়লিঙ্গ : বাক্যের নির্দিষ্ট শব্দটি পুরুষ জাতি ও স্ত্রী জাতি উভয়কে বোঝালে উভয়লিঙ্গ হয়। যেমন- 'শিশুটি কান্না করছে' - এখানে 'শিশুটি' পুরুষ বা স্ত্রী কোন নির্দিষ্ট করে ইঙ্গিত করছে না তাই এটি উভয় লিঙ্গ।

(৪) ক্লীবলিঙ্গ : বাক্যের নির্দিষ্ট শব্দটি প্রাণহীন অচেতন বস্তুকে বোঝালে ক্লীবলিঙ্গ হয়। যেমন- ফুটবল খেলা স্বাস্থ্যের পক্ষে ভালো। এখানে ফুটবল প্রাণহীন অচেতন বস্তুকে বোঝাচ্ছে বলে এটি ক্লীবলিঙ্গ হয়েছে।

লিঙ্গান্তর : এক লিঙ্গ থেকে অন্য লিঙ্গে পরিবর্তন করাকে লিঙ্গান্তর বলে। তবে শুধুমাত্র পুংলিঙ্গকে স্ত্রীলিঙ্গে, কিংবা স্ত্রীলিঙ্গকে পুংলিঙ্গে পরিবর্তন করা সম্ভব। উদাহরণ-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
মহাশয়	মহাশয়া
পলাতক	পলাতকা
সিংহ	সিংহী
অভাগা	অভাগী
সন্ন্যাসী	সন্ন্যাসিনী
প্রাজ্ঞ	প্রাজ্ঞী
ছাত্র	ছাত্রী
বিদেশি	বিদেশিনী
ডাক্তার	লেডি-ডাক্তার
পিতামহ	পিতামহী
সখা	সখী